# পরিবারের জন্য গুগল্ ক্লাসরুম গাইড

বাড়িতে আপনার সন্তানের শিক্ষণ সহায়তার তথ্য
এবং পরামর্শ।

Department of
Education


T&I 31287 Family Guide 02 Google Classroom (English)

# হালনাগাদ থাকুন

দূরে থেকে শিক্ষা সম্পর্কিত সর্বশেষ তথ্য পেতে [www.schools.nyc.gov](http://www.schools.nyc.gov) সাইট দেখুন।

কোভিড-19 বিষয়ে নিয়মিত হালনাগাদ তথ্য পেতে 692-692 -তে “কোভিড” টেক্সট করুন।

আমাদের ওয়েবসাইট গুগল্ ট্র্যানশ্লেট কর্তৃক সমর্থিত। এই পৃষ্ঠার উপরে আপনার অগ্রাধিকারের ভাষাটি বেছে নিতে পারেন।



# গুরুত্বপূর্ণ দূরে থেকে শিক্ষা সম্পর্কিত তথ্য

23 মার্চ, 2020 তারিখ থেকে, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলি সকল শিক্ষার্থীর জন্য 2019-2020 শিক্ষা বছরের শেষ পর্যন্ত দূর থেকে শিক্ষার ব্যবস্থা শুরু করেছে। **দূরে থেকে শিক্ষা সম্পর্কিত সর্বশেষ তথ্য পেতে www.schools.nyc.gov সাইট দেখুন।**

আমাদের main page -এ আমাদের স্কুলগুলি এবং আপনার সন্তানের শিক্ষণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ হালনাগাদ তথ্য রয়েছে।

সকল নিউ ইয়র্কার সোমবার থেকে শুক্রবার প্রতিদিন তিন বেলা ফ্রি খাবার পেতে পারে। আপনার বাড়ির কাছে কোন একটি ফ্রি খাবারের ঠিকানা খুঁজে নিন।

বাড়িতে আপনার সন্তানের শিক্ষণ সহায়তার জন্য রিসোর্স পেতে আমাদের অ্যাক্টিভিটিজ ফর স্টুডেন্ট পেজ দেখুন।

যেসব পরিবার তাদের সন্তানের দূর থেকে শিক্ষার জন্য ইন্টারনেট সুবিধাসহ কোন ডিভাইস চায়, তারা ডিভাইস রিকোয়েস্ট ফর্ম পূরণ অথবা 718-955-5100 এক্সটেনশন 5 নম্বরে ফোন করে সে অনুরোধ জানাতে পারে।

আমাদের বহুল জিজ্ঞাসিত প্রশ্নের পেজে শিক্ষার্থীদের জন্য দূর থেকে শিক্ষায় কীভাবে অংশ নিতে হবে সেসম্পর্কিত প্রশ্ন ও পরিষেবার উত্তর রয়েছে।

প্রথম উত্তরদাতাদের জন্য রিজিওনাল এনরিচমেন্ট সেন্টরগুলি (RECs) চাইল্ডকেয়ার সুবিধা প্রদান করে। আপনি যদি মনে করেন আপনি যোগ্য, REC সার্ভেটি পূরণ করুন।

# গুরুত্বপূর্ণ দূরে থেকে শিক্ষা সম্পর্কিত তথ্য

23 মার্চ, 2020 তারিখ থেকে, নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলি সকল শিক্ষার্থীর জন্য 2019-2020 শিক্ষা বছরের শেষ পর্যন্ত দূর থেকে শিক্ষার ব্যবস্থা শুরু করেছে। **দূরে থেকে শিক্ষা সম্পর্কিত সর্বশেষ তথ্য পেতে www.schools.nyc.gov সাইট দেখুন।**

আমাদের main page -এ আমাদের স্কুলগুলি এবং আপনার সন্তানের শিক্ষণ সম্পর্কিত গুরুত্বপূর্ণ হালনাগাদ তথ্য রয়েছে।

সকল নিউ ইয়র্কার সোমবার থেকে শুক্রবার প্রতিদিন তিন বেলা ফ্রি খাবার পেতে পারে। আপনার বাড়ির কাছে কোন একটি ফ্রি খাবারের ঠিকানা খুঁজে নিন।

বাড়িতে আপনার সন্তানের শিক্ষণ সহায়তার জন্য রিসোর্স পেতে আমাদের অ্যাক্টিভিটিজ ফর স্টুডেন্ট পেজ দেখুন।

যেসব পরিবার তাদের সন্তানের দূর থেকে শিক্ষার জন্য ইন্টারনেট সুবিধাসহ কোন ডিভাইস চায়, তারা ডিভাইস রিকোয়েস্ট ফর্ম পূরণ অথবা 718-955-5100 এক্সটেনশন 5 নম্বরে ফোন করে সে অনুরোধ জানাতে পারে।

আমাদের বহুল জিজ্ঞাসিত প্রশ্নের পেজে শিক্ষার্থীদের জন্য দূর থেকে শিক্ষায় কীভাবে অংশ নিতে হবে সেসম্পর্কিত প্রশ্ন ও পরিষেবার উত্তর রয়েছে।

প্রথম উত্তরদাতাদের জন্য রিজিওনাল এনরিচমেন্ট সেন্টরগুলি (RECs) চাইল্ডকেয়ার সুবিধা প্রদান করে। আপনি যদি মনে করেন আপনি যোগ্য, REC সার্ভেটি পূরণ করুন।

# গুগল্ ক্লাসরুমে লগ-ইন করার পদ্ধতি


1. classroom.google.com -এ যান।

2. আপনার স্কুল যদি আপনাকে গুগল্ অ্যাকাউন্ট দিয়ে থাকে, সেই অ্যাকাউন্টটি ব্যবহার করুন। যদি না দিয়ে থাকে, রিমোট লার্নিং পোর্টালের জন্য যে অ্যাকাউন্ট তথ্য দেয়া হয়েছে সেই একই তথ্য ব্যবহার করুন। এটি শেষ হয় “@nycstudents.net” দিয়ে


3. আপনাকে আবার রিমোট লার্নিং পোর্টালে লগ-ই করতে বলা হতে পারে।

স্মারক: ব্যক্তিগত অ্যাকাউন্ট যা শেষ হয় “@gmail.com” দিয়ে, সেটি আপনার সন্তানকে তার শিক্ষকের ক্লাসরুমে প্রবেশের সুবিধা দেবে না।


1




2




3




# গুগল্ ক্লাসরুমে লগ-ইন করার পদ্ধতি (অব্যাহত)

গুগল্ একই সময়ে, অনেকগুলি অ্যাকাউন্টে লগ অন থাকার সুবিধা প্রদান করে। আপনি যদি একাধিক অ্যাকাউন্টে লগ অন থাকেন, আপনার সন্তান তার ক্লাসরুম দেখতে সক্ষম নাও হতে পারে। এই সমস্যাটি সমাধানের দুটি উপায় রয়েছে:


1. আপনার ওয়েব ব্রাউজারে “new incognito window” ব্যবহার করে অথবা;
2. অ্যাকাউন্ট লিস্ট থেকে আপনার ইউজার অ্যাকাউন্ট বেছে নিয়ে।
   - আপনার স্ক্রীনের উপরের ডান কোণায় “account” আইকনে ক্লিক করুন।
   - আপনার সন্তানের প্রোফাইল বেছে নিন।

> স্মারক: ব্যক্তিগত অ্যাকাউন্ট যা শেষ হয় “@gmail.com” দিয়ে, সেটি আপনার সন্তানকে তার শিক্ষকের ক্লাসরুমে প্রবেশের সুবিধা দেবে না।

1




2





# ক্লাসরুমে যোগদান

শিক্ষার্থীরা দুটি উপায়ে তাদের অনলাইন ক্লাসরুমে যোগ দিতে পারে:

1. **তাদের শিক্ষকের কাছ থেকে একটি অনলাইন আমন্ত্রণের মাধ্যমে।** আপনার সন্তান যদি আমন্ত্রণ পেয়ে থাকে, তাকে শুধু যা করতে হবে সেটি হলো - “Join”-এ ক্লিক করতে হবে। অথবা,

2. **একটি ক্লাস কোড ব্যবহার করে।** আপনার সন্তান যদি কোন অ্যাকসেস কোড পেয়ে থাকে, তাকে যা করতে হবে তা হলো:
   - পৃষ্ঠার উপরের ডান কোণায় “+” আইকনে ক্লিক করতে হবে।
   - তারপর “Join Class”-এ ক্লিক করুন।
   - class code (ক্লাস কোড) এন্টার করুন। ক্লাস কোড 6 অথবা 7টি হরফ অথবা সংখ্যা দিয়ে তৈরি করা হয়




# হোম পেজ

গুগল ক্লাসরুমের “Home Page” আপনাকে দেখায় - যেসব ক্লাসরুম আপনার সন্তানের সেগুলি। এই পৃষ্ঠার কিছু গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্যের মধ্যে আছে:

1. “Waffle” আইকন, যা আপনাকে দেখায় সেইসব উপকরণ যা আপনার সন্তানের জন্য লভ্য।
2. **ক্লাস এবং শিক্ষকের নাম।**
3. এই ক্লাসের শিক্ষক প্রদত্ত গত এবং আগামীর কাজ যা শিক্ষক অ্যাসাইন করেছে।
4. এই ক্লাসের জন্য  আপনার সন্তানের সকল কাজের **অনলাইন ফোল্ডার।**
5. **হেল্প সেন্টার এবং হেল্প কম্যুনিটি** যেখানে আপনি গুগল্ ক্লাসরুম সম্পর্কে প্রশ্ন করতে অথবা আরও জানতে পারবেন। এই পৃষ্ঠাগুলি গুগল্ কর্তৃক সংগঠিত, আপনার স্কুলের দ্বারা নয়।




# স্ট্রিম

**স্ট্রিম** পেজে শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদের সাথে যোগাযোগ রক্ষা করেন।

শিক্ষকগণ যখন অ্যাসাইনমেন্ট, কুইজ, বিভিন্ন সামগ্রী, অথবা অনলাইন সেশনের লিংক শেয়ার করে, তখন তারাও স্ট্রিম পেজে দেখা দেয়।


শিক্ষকগণ তাদের শিক্ষার্থীদেরকে স্ট্রিম পেজে কিছু কিছু বিষয় পোস্ট করার সুযোগও প্রদান করেন এবং শিক্ষার্থীরা তাদের সহপাঠীদের সাথে এখানে ইন্টারঅ্যাক্টও করতে পারে।



# ক্লাসওয়ার্ক


Classwork পেজে ক্লাসের সকল অ্যাসাইনমেন্ট, কুইজ, এবং বিভিন্ন বিষয় থাকে।

শিক্ষার্থীরা তাদের কাজ জমা দিতে ক্লাসওয়ার্ক পেজ ব্যবহার করে, তারপর টিচার সেগুলিতে গ্রেড দেন।




# পিপল্


পিপল্ পেজে অন্তর্ভুক্ত থাকে এই ক্লাসের সকল শিক্ষকদের একটি তালিকা।



# অ্যাসাইনমেন্ট জমাদান

Classwork পেজ ব্যবহার করে আপনার সন্তান তার অ্যাসাইনমেন্ট দেখতে এবং জমা দিতে পারে। কোন অ্যাসাইনমেন্ট জমা দিতে:

1. Classwork পেজে ক্লিক করুন।
2. তারপর assignment-এ ক্লিক করুন।
3. শেষে “View assignment”-এ ক্লিক করুন।




# অ্যাসাইনমেন্ট জমাদান (চলবে)

সাধারণত, আপনার সন্তানের জন্য শিক্ষকের ইতোমধ্যে একটি ডকুমেন্ট থাকবে যা তাকে শেষ করতে হবে। যদি না থাকে, উত্তর দিতে এবং অ্যাসাইনমেন্ট জমা দেবার জন্য একটি উপায় বের করতে “+ Add or create”-এ ক্লিক করুন।

- উদাহরণ হিসেবে, “Google Drive”-এ ক্লিক করলে আপনার সন্তান তার অনলাইন ফোল্ডার থেকে কিছু জমা দিতে পারবে।

অ্যাসাইনমেন্ট শিক্ষকের পর্যালোচনার জন্য প্রস্তুত হলে “Mark as done”-এ ক্লিক করুন।

- শিক্ষকগণ অনেক সময় কাজ অ্যাসাইন করতে পারেন যা জমা দিতে হবে না, যেমন কোন ফর্ম পূরণ করা। কাজ শেষ হলে, শিক্ষার্থীকে শুধু “Mark as done”-এ ক্লিক করতে হবে।




# গার্ডিয়ান সামারিজ

পরিবারের কাছে পাঠানো সাপ্তাহিক অথবা দৈনিক মেসেজগুলিই **গার্ডিয়ান সামারিজ** নামে পরিচিত। এই ইমেইলগুলিতে যেসব বিষয় জানানো হয় তা হলো:

- **বাদ পড়া কাজ (মিসিংওয়ার্ক) - যদি আপনার সন্তানকে কোন কাজ শেষ করতে হয় যেটি আগে তাকে দেয়া হয়েছিলো।**
- পরবর্তী সপ্তাহের জন্য **আগামীর কাজ (আপকামিং ওয়ার্ক)**।
- **ক্লাস অ্যাক্টিভিটি** -এমন কাজ যা আপনার সন্তান সম্প্রতি শেষ করেছে অথবা শিক্ষকের কাছে তার উত্তর।

আপনি যদি আপনার সন্তানের জন্য গার্ডিয়ান সামারিজ পেতে চান আপনার স্কুল শিক্ষককে ইমেইল করুন।



# রিমোট লার্নিংয়ে NYCDOE-এর লিংক

NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন
https://www.schools.nyc.gov/

শিক্ষার্থীদের জন্য কর্মকাণ্ড
https://www.schools.nyc.gov/learn-at-home/activities-for-students

টেকনিক্যাল টুলস্ এবং সাপোর্ট
https://www.schools.nyc.gov/learn-at-home/technical-tools-and-support

রিমোট লার্নিংয়ে বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলি
https://www.schools.nyc.gov/learn-at-home/information-on-remote-learning

ফ্রি খাবার
https://www.schools.nyc.gov/school-life/food/free-meals

দূর থেকে শিক্ষার জন্য ডিভাইস
https://www.schools.nyc.gov/learn-at-home/ipad-distribution

রিজিওন্যাল এনরিচমেন্ট সেন্টার
https://www.schools.nyc.gov/enrollment/enrollment-help/regional-enrichment-centers

আপনার DOE আইপ্যাড দিয়ে শুরু
https://www.schools.nyc.gov/learn-at-home/ipad-distribution/getting-started-with-your-ipad